

প্রিয় পিতামাতা/অভিভাবক:

13 জুন, 2019 তারিখ থেকে নিউ ইয়র্কের পাবলিক, প্রাইভেট এবং ধর্মীয় স্কুল এবং শিশুদের প্রোগ্রামগুলো স্কুলের ইমিউনাইজেশনের (টিকা) শর্তাবলী থেকে ধর্মীয় কারণে ছাড়ের জন্য অনুরোধ গ্রহণ করতে পারবে না। এই আইনটি প্রি-কিন্ডারগার্টেন থেকে 12 গ্রেড পর্যন্ত সকল শিক্ষার্থী এবং সকল চাইল্ড কেয়ার সেটিংয়ের জন্য প্রযোজ্য। স্কুল এবং চাইল্ড কেয়ার প্রোগ্রামগুলো স্বাস্থ্যগত কারণে ছাড়ের অনুরোধ গ্রহণ করে যাবে।

### যেসব শিক্ষার্থী সামার অথবা বছর-ব্যাপী প্রোগ্রামিংয়ে যাচ্ছে

যেসব শিক্ষার্থী পূর্বে ধর্মীয় কারণে ছাড় পাচ্ছিল এবং এই সামারে চাইল্ড কেয়ার অথবা পাবলিক, প্রাইভেট অথবা ধর্মীয় স্কুলে যাবে, তাদেরকে স্কুলে অথবা চাইল্ড কেয়ারে ভর্তি অথবা থাকতে হলে, এখন অবশ্যই বয়স অনুযায়ী প্রতিটি ইমিউনাইজেশন সিরিজের প্রথম ডোজ 28 জুন, 2019 তারিখের মধ্যে নিতে হবে। অতিরিক্তভাবে, 14 জুলাই, 2019 তারিখের মধ্যে ঐসব শিক্ষার্থীর পিতামাতা ও অভিভাবককে অবশ্যই দেখাতে হবে যে তারা পরবর্তী ডোজের জন্য ইতিমধ্যে অ্যাপয়েন্টমেন্ট করেছে।

### যেসব শিক্ষার্থী এই শিক্ষা বছরের শেষ পর্যন্ত স্কুলে যাবে এবং 2019-20 শিক্ষা বছরে ফেরত আসবে

শিক্ষার্থীদের স্কুলে আসতে হলে অবশ্যই ইমিউনাইজেশনের (টিকা) শর্তাবলী পূরণ করতে হবে। যেসব শিক্ষার্থী সবগুলো আবশ্যিক টিকা নেয়নি তাদেরকে অবশ্যই স্কুলের প্রথম দিন থেকে অথবা চাইল্ড কেয়ারের তালিকাভুক্তির দিন থেকে 14 ক্যালেন্ডার দিনের মধ্যে প্রতিটি ইমিউনাইজেশন সিরিজের প্রথম ডোজ নিতে হবে। স্কুলের প্রথম দিন থেকে 30 ক্যালেন্ডার দিনের মধ্যে ঐ শিক্ষার্থীর পিতামাতা অথবা অভিভাবককে অবশ্যই দেখাতে হবে যে তারা পরবর্তী ডোজের জন্য অ্যাপয়েন্টমেন্ট করেছে। 2019-20 শিক্ষা বছরের জন্য ইমিউনাইজেশনের (টিকা) নতুন শর্তাবলীর একটি তালিকা নিচে সংক্ষেপে উল্লিখিত হল।

**চাইল্ড কেয়ার থেকে 12 গ্রেড পর্যন্ত সকল শিক্ষার্থীদের অবশ্যই নিম্নলিখিত শর্তাবলী পূরণ করতে হবে:**

- DTaP (ডিপথেরিয়া, টিটেনাস এবং এসেল্যুলার পার্টুসিস অথবা হুপিং কফ)
- পোলিও ভাইরাস
- MMR (মিসলস্, মামন্স, রুবেল্যা)
- ভ্যারিসেলা (জলবসন্ত)
- হেপাটাইটিস B

**5 বছরের কম বয়সী যে সকল শিশু চাইল্ড কেয়ার এবং প্রি-কিন্ডারগার্টেনে ভর্তি হয়েছে তাদেরকে অবশ্যই নিম্নলিখিত শর্তাবলী পূরণ করতে হবে:**

- Hib (হেমোফিলাস ইনফ্লুয়েঞ্জা টাইপ b)
- PCV (নিউমোকোক্যাল জীবাণু)
- ইনফ্লুয়েঞ্জা (ফ্লু): শিশুদের 31 ডিসেম্বর, 2019 তারিখের মধ্যে অবশ্যই ফ্লু-র টিকা নিতে হবে।

**6 থেকে 12 গ্রেডের শিক্ষার্থীদের অবশ্যই নিম্নলিখিত টিকা দিতে হবে:**

- Tdap বুস্টার (টিটেনাস, ডিপথেরিয়া এবং পার্টুসিস)
- MenACWY (মেনিঞ্জোকোক্যাল জীবাণু)

আপনার শিশুর স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে তাদের টিকাদানের ইতিহাস পর্যালোচনা করুন। তাদের স্বাস্থ্য সেবা প্রদানকারীরা আপনাকে চাইল্ড কেয়ারে অথবা স্কুলে যেতে অথবা থাকতে এক বা একাধিক টিকার অতিরিক্ত ডোজের প্রয়োজন কিনা জানাবেন। আবশ্যিক টিকার পূর্ণ তালিকার জন্য [schools.nyc.gov](http://schools.nyc.gov) ভিজিট করুন এবং “immunizations” সার্চ করুন। যদি আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীর কাছ থেকে আপনার সন্তানের টিকা গ্রহণ সম্ভব না হয়, তবে ডিপার্টমেন্ট অভ হেলথ-এর একটি ওয়াক-ইন টিকার ক্লিনিক আছে ([www1.nyc.gov/site/doh/services/immunization-clinics.page](http://www1.nyc.gov/site/doh/services/immunization-clinics.page))।

এই শর্তাবলীগুলো সম্পর্কে আপনার যদি কোনো প্রশ্ন থাকে, তবে আপনার সন্তানের চাইল্ড কেয়ার সেন্টার অথবা স্কুলের অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসের সাথে যোগাযোগ করুন।